

যুগান্তর

ইবিতে ইঞ্জিনিয়ারিং ডিপ্রির দাবি

শিক্ষার্থীদের জঙ্গি বললেন শিক্ষকরা

প্রকাশ : ০৮ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ইবি প্রতিনিধি

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ইঞ্জিনিয়ারিং ডিপ্রির দাবিতে আন্দোলনকারী শিক্ষার্থীদের অনুষদীয় সভায় জঙ্গি ও সন্ত্রাসী বলে আখ্যা দেয়ার অভিযোগ উঠেছে। নিজ বিভাগের শিক্ষার্থীদের জঙ্গি ও সন্ত্রাসী বলেছেন প্রযুক্তি ও প্রকৌশল অনুষদের শিক্ষকরা। এদিকে অনুষদীয় সভায় শিক্ষার্থীর নামে অপবাদ দেয়ার প্রতিবাদে মানববন্ধন করেছে প্রকৌশল ও প্রযুক্তি অনুষদভুক্ত পাঁচ বিভাগের শিক্ষার্থীরা। বুধবার বেলা সাড়ে ১১টায় প্রশাসন ভবনের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে শিক্ষার্থীরা ‘জঙ্গি’ ও ‘সন্ত্রাসী’ আখ্যা দেয়ার বক্তব্য অন্তিবিলম্বে প্রত্যাহারের দাবি জানান। আপত্তিকর এসব শব্দ প্রত্যাহার না করা হলে কঠোর আন্দোলনের হৃশিয়ারিও দেন তারা। মানববন্ধনে শিক্ষার্থীদের হাতে ‘চাইলাম ইঞ্জিনিয়ারিং ডিপ্রি, হইলাম জঙ্গি’, ‘আমি জঙ্গি?’, ‘চাইলাম ডিপ্রি, হইলাম সন্ত্রাস’, ‘ডিপ্রি নিয়ে প্রহসন কেন?’, ‘আর নয় কালক্ষেপণ এবার চাই বাস্তবায়ন।’ ‘দাবি মোদের একটাই ইঞ্জিনিয়ারিং ডিপ্রি চাই।’ সহ বিভিন্ন প্রতিবাদমূলক ফেস্টন প্রদর্শন করতে দেখা যায়।

মানববন্ধনে বক্তরা আরও বলেন, ‘চেয়েছিলাম ইঞ্জিনিয়ারিং ডিপ্রি হয়ে গেলাম জঙ্গি।’

মানববন্ধনের এক পর্যায়ে শিক্ষার্থীদের প্রতিনিধি দল বেলা দুপুর ১২টার দিকে ভিসির প্রফেসর ড. রাশিদ আসকারীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় ভিসি বলেন, ‘একাডেমিক কমিটির সভায় শিক্ষকদের সামনেই এটি বাতিল করা হয়েছে। তবে শিক্ষার্থীরা অনুষদীয় সভায় এটি লিখিতভাবে বাতিলের দাবি করেন। পরে ভিসির আশ্বাসে তারা মানববন্ধন প্রত্যাহার করেন। এ বিষয়ে প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন প্রফেসর ড. মমতাজুল ইসলাম বলেন, ‘২৯ এপ্রিলে অনুষদীয় সদস্যরা তাদের আন্দোলন ও কার্যক্রমকে জঙ্গি ও সন্ত্রাসীমূলক বলে আখ্যা দিয়েছেন। পরে ২৫ জুন একাডেমিক কাউন্সিলে এই শব্দ দুইটি এক্সপাঙ্গ করা হয়েছে।’

তারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।